

যুগান্তর

পাবলিকেশন ছাড়া পদোন্নতি মিলবে না: বিএসএমএমইউ উপাচার্য

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৮ ফেব্রুয়ারি ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) পাবলিকেশন (গবেষণা প্রবন্ধ) ছাড়া কোনো পদোন্নতি মিলবে না বলে জানিয়েছেন উপাচার্য শারফুদ্দিন আহমেদ। তিনি বলেন, আমরা গবেষণার জন্য যাবতীয় সুবিধা দিচ্ছি। গবেষণায় বাজেট বেড়েছে। যেখানে গবেষণার জন্য বাজেট ছিল ৪ কোটি টাকা, সেটি আমরা করেছি ৩২ কোটি। তবে গবেষণা ছাড়া কোনো অনুদান দেব না। শনিবার বিশ্ববিদ্যালয়ে অবসরপ্রাপ্ত শিক্ষকদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিএসএমএমইউ উপাচার্য বলেন, প্রধানমন্ত্রী চান এ বিশ্ববিদ্যালয়ে আরও বেশি গবেষণা হোক। গত বছর আমাদের বিশ্ববিদ্যালয়ের ১৪ চিকিৎসককে গবেষণার জন্য প্রধানমন্ত্রী নিজ তহবিল থেকে ২৭ কোটি টাকা দিয়েছেন। আশা করছি, আগামীতে এ অনুদান আরও বাড়বে।

তিনি বলেন, চিকিৎসকদের গবেষণায় অনুপ্রাণিত করতে আমরা রিসার্চ ডে পালন করি। যারা গবেষণা করেন তাদেরকেই ফান্ড দিই। ছাত্রদের জন্যও অনুদান থাকে, শিক্ষকদের জন্যও থাকে। দেশের বাইরে যেতে চাইলে গবেষণা পেপার (নিবন্ধন) প্রকাশ করতে হবে। পেপার প্রকাশ করতে পারলে আমরা কিছু অনুদানও দিতে পারব।

বিদায়ী শিক্ষকদের উদ্দেশে শারফুদ্দিন আহমেদ বলেন, চলে যাওয়া মানেই এই না যে আপনারা আর আমাদের সঙ্গে নেই। আমরা জাতীয় বিভিন্ন অনুষ্ঠানে আপনাদের স্মরণ করব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

